

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ
প্রশাসন পরিদপ্তর/তদন্ত শাখা

তারিখঃ ২২-০৭-২০১৯ খ্রিঃ

সূত্র নং- ৩০.৩৪.২৬০০.৯৩.১৪.০৪৪.১৯.


জনাব শরিফুল ইসলাম
জি-৫০২৩৭ প্রকিউরমেন্ট সুপারভাইজার
মাধ্যমঃ প্রশাসনিক কর্মকর্তা, প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট
বিমান, প্রশাসনিক ভবন, ঢাকা।

বিষয়ঃ চাকরি হতে সাময়িক বরখাস্ত।

আপনি বিমানের বিভিন্ন পদে চলমান নিয়োগ প্রক্রিয়ায় চাকরি প্রার্থীদের থেকে অর্থাৎ বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে বিমানের সুনাম নষ্ট করেছেন। উক্ত ঘটনায় আপনার সম্পৃক্ততার দরুন ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দর থানা পুলিশ ২১/০৭/২০১৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ পেনাল কোড-এর ৪২০/৪০৬/১০৯ ধারায় মামলা রুজু করে আপনাকে গ্রেফতার করে। ঘটনাটি বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত হওয়ায় বিমানের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়েছে। এ ধরনের কর্মকাণ্ড বিমান চাকরি বিধির পরিপন্থী ও কঠোর শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, বাংলাদেশ বিমান কর্মচারী (চাকরি) প্রবিধানমালা-১৯৭৯ এর ৫৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাকে বিমানের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বরখাস্তকালীন সময়ে আপনি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বিমানের প্রধান কার্যালয় (বলাকা)সহ বিমানের কোনো কার্যালয়ে প্রবেশ করতে পারবেন না। বরখাস্তকালীন সময়ে আপনি আপনার বর্তমান ঠিকানায় অবস্থান করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


জিয়াউদ্দীন আহমেদ
পরিচালক প্রশাসন

অনুলিপিঃ

- ১। পরিচালক প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট।
- ২। মহাব্যবস্থাপক প্রশাসন/ প্রকিউরমেন্ট।
- ৩। উপ-মহাব্যবস্থাপক পার্সোনেল/ নিরাপত্তা/ যানবাহন।
- ৪। ব্যবস্থাপক পার্সোনেল/ ব্যবস্থাপক হিসাব (বেতন শাখা)।
- ৫। ব্যবস্থাপক সমন্বয়ঃ ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এর সদয় অবগতির জন্য।
- ৬। সহকারী ব্যবস্থাপক প্রশাসন (কম্পিউটার উইং, পার্সোনেল)।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা, প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট।